দৈনিক ইনকিলাব

তারিখ ··· DEC 07 1999
পৃষ্ঠা 8 কলাম 8

20

# খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা ১১ দফা দাবীতে সকল কক্ষ তালাবদ্ধ করেছে

**খুলনা ব্যুরো ঃ** খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা হোস্টেলের সীট বরাদ্দসহ কয়েকটি দাবীতে গত রবিবার কলেজ প্রিন্সিপালের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। এ সময় ছাত্র-ছাত্রীরা কলেজে প্রিন্সিপালকে ৭ ঘন্টা অবরুদ্ধ করে রাখে। বিক্ষুব্ধ ছাত্ররা প্রিন্সিপালসহ অন্যান্য শিক্ষককে বাইরে বেরুতে দেয়নি। তালাবদ্ধ করে রাখে। এ সময় কতিপয় উত্তেজিত ছাত্র প্রিন্সিপালের অফিসকক্ষের দরজা ভেঙ্গে ফেলে। ছাত্র-ছাত্রীরা খুলনা মেডিকেল কলেজের সকল দরজায় তারা ঝুলিয়ে দিয়েছে। খুলনা মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিল সিদ্ধান্ত গ্রহণ করেছে– পরিস্থিতি শান্ত না হলে অনির্দিষ্টকাল মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা করা হবে।

গত রবিবার সকাল সাড়ে ১০টায় খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা কলেজের প্রিন্সিপাল কার্যালয়ের সামনে অবস্থান গ্রহণ করে। ১১ দফার দাবীর মধ্যে রয়েছে– হোস্টেলে সুষ্ঠু সীট বন্টন, একাডেমিক ভবন হস্তান্তর, ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান, ফরেনসিক মেডিসিন বিভাগের অচলাবস্থা দূরীকরণ, হোস্টেলের অভ্যন্তরে গেস্টরুমের ব্যবস্থা করা, কলেজ কেন্টিন সুষ্ঠুভাবে চালু, পরিবহন ব্যবস্থা, অডিটোরিয়াম ও শহীদমিনার নির্মাণ ইত্যাদি। দুপুর ১২টায় উত্তেজিত ছাত্ররা খুলনা মেডিকেল কলেজের সকল গেটে তালা ঝুলিয়ে দেয়। ছাত্র-ছাত্রীরা সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রিন্সিপালের কার্যালয়ের সামনে অবস্থান গ্রহণ করে। দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত খুলনা মেডিকেল কলেজের প্রিন্সিপালসহ শিক্ষকরা তালাবদ্ধ অবস্থায় কলেজ অভ্যন্তরে অবস্থান করেন।

একটি সূত্র অভিযোগে জানিয়েছে, খুলনা মেডিকেল কলেজের প্রিন্সিপালসহ অন্য শিক্ষকদের অবরুদ্ধের নেপথ্যে রয়েছে অন্য কারণ। তা হল– বর্তমান হোস্টেল নির্মাণে কিছু অনিয়ম ঘটেছে, যা কর্তৃপক্ষ মেনে নিতে চাচ্ছে না। তাছাড়া কলেজের কিছু ছাত্র– যারা বিগত দিনে অকৃতকার্য হয়েছে,

তারা হোস্টেলের সীট বরাদ্দের ইস্যুকে সামনে রেখে এ ধরনের বিব্রতকর অবস্থা সৃষ্টি করতে চায়।